# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২৭৩৭

২৬/ ফাযায়েল

পরিচ্ছেদঃ মহানবী (ﷺ) এর বৈশিষ্ট্যাবলী

আরবী

عَنْ ثَوْبَانَ أَنَّ نَبِىَّ اللهِ ﷺ قَالَ إِنَّ اللهَ زَوَى لِىَ الأَرْضَ فَرَأَيْتُ مَشَارِقَهَا وَمَغَارِبَهَا وَإِنَّ أُمَّتِى سَيَبْلُغُ مُلْكُهَا مَا زُوِىَ لِىَ مِنْهَا وَأُعْطِيتُ الْكَنْزَيْنِ الأَحْمَرَ وَالأَبْيَضَ

বাংলা

(২৭৩৭) সাওবান (রাঃ) কর্তৃক বর্ণিত, আল্লাহর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, নিশ্চয় আল্লাহ আমার জন্য পৃথিবীকে গুটিয়ে দিয়েছেন। সুতরাং আমি তার পূর্ব ও পশ্চিম (অর্থাৎ পুরোটাই) দেখেছি। নিশ্চয় আমার উম্মতের রাজত্ব ততদূর পৌঁছবে, যতদূর আমার জন্য গুটিয়ে দেওয়া হয়েছে (অর্থাৎ পুরোটাই)। আর আমাকে দেওয়া হয়েছে লাল ও সাদা (স্বর্ণ ও রৌপ্য-ভাণ্ডার)।

ফুটনোট

(আহমাদ ১৭১১৫, মুসলিম ৭৪৪১, আবূ দাঊদ ৪২৫২, তিরমিযী ২১৭৬, ইবনে মাজাহ ২৯৫২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ সাওবান (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=66485

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন